নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার তাঁর (জাবেরের) নিকট থেকে একটি উট ক্রয় করলেন। সুতরাং তিনি তার মূল্য পরিশোধ করার সময় (স্বর্ণ-রৌপ্য প্রাপ্য অপেক্ষা) ওজনে বেশি দিলেন।

জাবের রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার
তাঁর (জাবেরের) নিকট থেকে একটি উট ক্রয় করলেন। সুতরাং তিনি তার মূল্য পরিশোধ করার
সময় (স্বর্ণ-রৌপ্য প্রাপ্য অপেক্ষা) ওজনে বেশি দিলেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসের একটি ঘটনা রয়েছে। এখানে সেটি সংক্ষেপে তুলে ধরছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জাবির থেকে একটি উট খরিদ করেছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উটের মূল্য মেপে দিলেন। এটা রূপক অর্থে। অন্যথায় সত্যিকার ওজনকারী হচ্ছে তার নির্দেশে বেলাল রাদিয়াল্লাহু আনহু। যেমন মূল হাদীসে এসেছে, “তিনি আমাকে এক উকিয়া মেপে দিতে বেলালকে নির্দেশ করলেন।বেলাল আমাকে মেপে দিল এবং একটু বেশী দিল। অর্থাৎ জাবির উটের যে পরিমাণ মূল্যের হকদার ছিল তার চেয়ে বেশীই মেপে দিল। আগের যুগে তারা নগদ অর্থ ওজন করে লেনদেন করত; গণনা করে নয়। তবে যদিও গণনা করে আদান-প্রদান করত, কিন্তু তারা ওজন করেই অধিকাংশ আদান-প্রদান করতো।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4231